

আপনার বাচ্চার বয়স যখন 4 মাস



আপনার বাচ্চা কীভাবে খেলাধুলা করছে, শিখছে, কথা বলছে এবং ব্যবহার করছে তা থেকে আপনার শিশুর বিকাশের বিষয়ে গুরুত্বপূর্ণ ইঙ্গিত পাওয়া যায়। অধিকাংশ শিশু একটি নির্দিষ্ট বয়সে পৌঁছানোর পরেই বিকাশের পথ ধরতে পারে।

4 মাসের শেষে আপনার বাচ্চা কতটা বেড়ে উঠেছে তা দেখুন। এটি নিজের সঙ্গে করে নিয়ে যান এবং প্রতি সাক্ষাতেই আপনার শিশুর ডাক্তারের সঙ্গে আপনার শিশু বেড়ে ওঠার কোন পর্যায়ে পৌঁছেছে এবং এখন কী আশা রাখতে পারেন সেই নিয়ে কথা বলে নিন।

এই বয়সে অধিকাংশ শিশু কী করে:

সামাজিক/আবেগময়

- সাবলীল ভাবে হাসে, বিশেষ করে মানুষ দেখে
- মানুষের সঙ্গে খেলতে ভালোবাসে এবং খেলা খামিয়ে দেওয়া হলে কান্না শুরু করতে পারে
- কিছু নাড়াচাড়া এবং মুখের অভঙ্গঙ্গি নকল করতে পারে, যেমন হাসা বা ভুরু কৌঁচকানো

ভাষা/যোগাযোগ

- আধো আধো কথা বলতে শুরু করে
- অভঙ্গঙ্গি করে আধো আধো কথা বলতে শুরু করে এবং শোনা শব্দের নকল করে
- খিদে পেলে, ব্যথা হলে বা ক্লান্ত বোধ করলে অন্য ভাবে কাঁদে

জ্ঞান বিষয়ক (শিক্ষা, চিন্তাভাবনা, সমস্যার সমাধান)

- সে খুশিতে রয়েছে না দুঃখ পাচ্ছে তা আপনাকে জানায়
- ভালোবাসায় সাড়া দেয়
- এক হাত দিয়ে খেলনা ধরতে চায়
- হাত এবং চোখ একসঙ্গে মিলিয়ে ব্যবহার করে, যেমন কোনো খেলনা দেখা এবং তার দিকে হাত বাড়ানো
- একদিক থেকে অন্যদিকে নাড়াচাড়া করা জিনিস চোখ দিয়ে অনুসরণ করে
- কাছ থেকে মুখের দিকে তাকায়
- দূর থেকে পরিচিত মানুষ এবং জিনিস চিনে নেয়

চলাফেরা/শারীরিক বিকাশ

- মাথা কারো সাহায্য না নিয়েই সোজা ভাবে রাখতে পারে
- পা শক্ত মাটিতে থাকলে ঠেলতে চেষ্টা করে
- হয়তো এপাশ ওপাশ হতে পারবে
- খেলনা ধরতে পারবে এবং সেটি নিয়ে খেলতে পারবে এবং দোলানো খেলনাতে দুলাতে পারবে
- মুখে হাত দেবে
- পেটে ভর দিয়ে থাকার সময়ে, কনুই পর্যন্ত ঠেলতে চেষ্টা করবে

আপনার শিশুর মধ্যে এই সমস্ত বিষয় দেখা গেলে শুরুতেই আপনার শিশুর ডাক্তারের সঙ্গে কথা বলে প্রয়োজনীয় ব্যবস্থা নিন:

- কোনো কিছু নাড়াচাড়া করলে সেই দিকে তাকায় না
- মানুষ দেখে হাসে না
- মাথা সোজা রাখতে পারছে না
- মুখ দিয়ে আওয়াজ করে না
- কোনো কিছু নিয়ে মুখে দেয় না
- পা শক্ত মাটিতে থাকলেও পা দিয়ে ঠেলতে চেষ্টা করে না
- কোনো একটি চোখ বা উভয় চোখই সমস্ত দিকে ঘোরাতে সমস্যা হচ্ছে

বিকাশ সম্পর্কিত এই সমস্ত লক্ষণ প্রকাশে দেরী হলে, আপনার শিশুর ডাক্তার বা নার্সকে তা জানান এবং শুরুতেই ব্যবস্থা নেওয়ার জন্য **311 নম্বরে কল করুন**।

Centers for Disease Control and Prevention, Learn the Signs (রোগ নিয়ন্ত্রণ এবং নিরাময় কেন্দ্র, লক্ষণ বুঝতে পারা) এর তরফ থেকে বিষয়বস্তু দেওয়া হয়েছে। শুরুতেই ব্যবস্থা নেওয়ার প্রোগ্রাম (Act Early Program) আরো বিস্তারিত ভাবে জানতে www.cdc.gov/ActEarly দেখুন।

শারীরিক ভাবে বেড়ে ওঠার মধ্যেই আপনার বাচ্চার বেড়ে ওঠা সীমাবদ্ধ নয়

বিকাশের বিষয়ে আরো বেশি করে জানতে nyc.gov দেখুন এবং “Child Development” অনুসন্ধান করুন

NYC
Health

Bengali